

ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافِر(ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০: ২৩

আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

আর অবশ্যই আমি মূসাকে আমার নিদর্শনাবলী ও স্পষ্ট প্রমাণসহ প্রেরণ করেছিলাম। — আল-বায়ান আমি মূসাকে আমার নিদর্শন ও সুস্পষ্ট ফরমান দিয়ে পাঠিয়েছিলাম — তাইসিরুল আমি আমার নিদর্শন ও স্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করেছিলাম — মুজিবুর রহমান

And We did certainly send Moses with Our signs and a clear authority — Sahih International

২৩. আর অবশ্যই আমরা আমাদের নিদর্শন ও স্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করেছিলাম,

তাফসীরে জাকারিয়া

(২৩) আমি আমার নিদর্শনাবলী ও স্পষ্ট প্রমাণ সহ মূসাকে প্রেরণ করেছিলাম,[1]

[1] آیات (নিদর্শনাবলী) বলতে সেই নিদর্শনগুলোও হতে পারে, যার উল্লেখ পূর্বে করা হয়েছে। অথবা লাঠি ও হাতের শুভ্রতা, যা ছিল বৃহত্তম দু'টি স্পষ্ট মু'জিযা। سُلُطَانٌ مُبِیْنِ (স্পষ্ট প্রমাণ) অর্থ হল, এমন বলিষ্ঠ দলীল ও অকাট্য হুজ্জত, যা কেবল ঔদ্ধত্য, জিদ ও নির্লজ্জতার বশবর্তী হয়ে ছাড়া যার কোন উত্তর দেওয়া তাদের পক্ষে সম্ভব ছিল না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4156

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন